

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

তারিখঃ ২৯ কার্তিক ১৪২৩
১৩ নভেম্বর ২০১৬

নং- ১৫.০০.০০০০.০১৮.২৫.০০৩.১৬-৪৮২

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (তথ্য)
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ আগামী ১৫ হতে ২১ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত ভারতের দিল্লীতে “ন্যাশনাল প্রেস ডে ও প্রেস কাউন্সিল অব ইন্ডিয়া” এর ৫০ বছর পূর্তি উদযাপন অনুষ্ঠানে ভারত গমনের ভ্রমণাদেশ।

নির্দেশিত হয়ে ১৫ হতে ২১ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত ভারতে দিল্লীতে অনুষ্ঠেয় “ন্যাশনাল প্রেস ডে ও প্রেস কাউন্সিল অব ইন্ডিয়া” এর ৫০ বছর পূর্তি উদযাপন অনুষ্ঠানে বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি জনাব মোহাম্মদ মমতাজ উদ্দিন আহমেদ, সদস্য জনাব রিয়াজ উদ্দিন আহমেদ ও জনাব আকরাম হোসেন খান এবং বাংলাদেশ প্রেস কাউন্সিলের সচিব (যুগ্ম-সচিব) জনাব শ্যামল চন্দ্র কর্মকার এর অনুকূলে নিম্নবর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। এছাড়া, বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান এর স্ত্রী মিসেস খাইরুন নেছা আহমেদ এবং প্রেস কাউন্সিলের সদস্য জনাব রিয়াজউদ্দিন আহমেদ এর স্ত্রী মিসেস হাসনা আরা বেগম সফরসজ্জী হবেন।

২। ভ্রমণের শর্তাবলি নিম্নরূপ :

- (ক) এ ভ্রমণের সময়ে তাঁরা কর্তব্যরত রয়েছেন এবং সরকারি ভ্রমণ বলে গণ্য হবে।
- (খ) তাঁরা দেশীয় মুদ্রায় বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। বেতন-ভাতাদির কোন অংশই বৈদেশিক মুদ্রায় পাবেন না।
- (গ) বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি জনাব মোহাম্মদ মমতাজ উদ্দিন আহমেদ এবং সচিব (যুগ্ম-সচিব) জনাব শ্যামল চন্দ্র কর্মকার এর বিমান ভাড়া ও প্রাপ্যতা অনুযায়ী অন্যান্য ভাতা বাবদ ব্যয় বাংলাদেশ প্রেস কাউন্সিলের ২০১৬-২০১৭ অর্থ বছরের ভ্রমণ ব্যয় খাত হতে নির্বাহ করা হবে। বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান এর স্ত্রী মিসেস খাইরুন নেছা আহমেদ এর বিমান ভাড়া ও অন্যান্য খরচ কাউন্সিলের চেয়ারম্যান ব্যক্তিগতভাবে বহন করবেন। এ ছাড়া, প্রেস কাউন্সিলের সদস্য জনাব রিয়াজউদ্দিন আহমেদ ও তাঁর স্ত্রী মিসেস হাসনা আরা বেগম এবং জনাব আকরাম হোসেন খান এর বিমান ভাড়া ও অন্যান্য খরচ তাঁরা ব্যক্তিগতভাবে বহন করবেন।
- (ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তাঁরা বিদেশে অবস্থান করতে পারবেন না।
- (ঙ) ভ্রমণ শেষে দেশে ফিরে ৭ (সাত) দিনের মধ্যে যথাযথভাবে অংশগ্রহণের বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।

স্বাক্ষরিত/-

(কাজী মোশতাক জহির)

উপ-সচিব

ফোনঃ ৯৫৬৭১০১


admin4@moi.gov.bd

তারিখঃ ২৯ কার্তিক ১৪২৩
১৩ নভেম্বর ২০১৬

নং- ১৫.০০.০০০০.০১৮.২৫.০০৩.১৬-৪৮২/১(১৫)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মান্যবর হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন, নয়াদিল্লী, ভারত।
- ৩। মান্যবর হাইকমিশনার, বাংলাদেশস্থ ভারতীয় হাইকমিশন, ঢাকা।
- ৪। বিচারপতি জনাব মোহাম্মদ মমতাজ উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৬। জনাব রিয়াজ উদ্দিন আহমেদ, সদস্য, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
- ৭। জনাব আকরাম হোসেন খান, সদস্য, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
- ৮। জনাব শ্যামল চন্দ্র কর্মকার, সচিব (যুগ্ম-সচিব), বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
- ৯। সচিব (যুগ্ম-সচিব), বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
- ১০। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। মিসেস খাইরুন নেছা আহমেদ, চেয়ারম্যান এর স্ত্রী, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
- ১৩। মিসেস হাসনা আরা বেগম, জনাব রিয়াজউদ্দিন আহমেদ এর স্ত্রী, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। যুগ্ম-সচিব (প্রেস) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(কাজী মোশতাক জহির)
উপ-সচিব